

## দপ্তরাদেশ

স্মারক নং-৩৭.০৩.৭৭০০.০০০.১৮.০৪৫.০৪.৩১৭(০৯)

তারিখ : ২০/০৪/২০১৬ খ্রিঃ।

বিষয় : কর্মস্থলে পূর্ণ সময় উপস্থিতি ও সরকারি চাকুরীবিধি অনুসরণ এবং মান সম্পন্ন শিক্ষা নিশ্চিতকরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ালোকে প্রতিষ্ঠানের সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারীগণকে জানান যাচ্ছে যে, প্রতিষ্ঠানের উন্নয়নে সকলের ঐকান্তিক প্রয়াসের ফলে পঞ্চগড় টিএসসি সাম্প্রতিক সময়ে বেশ কিছু বিষয়ে তাৎপর্যপূর্ণ অগ্রগতি ও সাফল্য লাভ করেছে। প্রতিষ্ঠানের শিক্ষা ও প্রশিক্ষণ কার্যক্রমের পরিধি বৃদ্ধি পেয়েছে। নানামূখি ও বৈচিত্রময় কার্যক্রমে প্রতিষ্ঠান বিশেষ ভূমিকা পালন করে যাচ্ছে। এই অগ্রগতিকে টেকসই করা সহ কতিপয় দুর্বলতা দূর করতে শিক্ষক ও কর্মচারীগণের কতিপয় বিশেষ নির্দেশ করা হলো। বিষয়সমূহ অতীব গুরুত্বপূর্ণ।

### কয়েকটি পর্যবেক্ষণ :

- কিছু কিছু শিক্ষক ডিজিটাল কনটেন্টে ও মাল্টিমিডিয়া ব্যবহার করে ক্লাস সম্পাদন ও পরিচালনা করলেও বেশ কিছু শিক্ষক এখনও গতানুগতিকভাবে ক্লাস নিচ্ছেন। অধিকাংশ শিক্ষকই ক্লাসে লেসন প্লান/ জব সিট/ইন্ট্রাকশন সিট ব্যবহার করছেন না। এতে মানসম্পন্ন শিক্ষা ও প্রশিক্ষণ নিশ্চিত হচ্ছে না।
- শিক্ষকগণ ক্লাস চলাকালীন সময়েই ক্যাম্পাসে অবস্থান করেন, অফিস চলাকালীন সময়ে প্রতিষ্ঠানের প্রয়োজনে শিক্ষকবৃন্দকে স্মরণ করা হলে অনেক সময়ই তাঁদের পাওয়া যায় না। এতে দাপ্তরিক কাজের বাস্তবায়ন বাধাগ্রস্ত হচ্ছে। কিছু কিছু কর্মকর্তা শুধুমাত্র ক্লাস গ্রহণকেই তাদের দায়িত্ব মনে করেন। দাপ্তরিক কোনো দায়িত্ব প্রদান করা হলে নানা ওজুহাতে তা পালন করছেন না, এতে অপরাপর কিছু শিক্ষক-কর্মচারীকে অতিরিক্ত দায়িত্ব পালন করতে হচ্ছে। কোনো কোনো ক্ষেত্রে তা অমানবিক পর্যায়ে চলে যাচ্ছে। প্রতিষ্ঠানের স্বার্থে সমান না হলেও সকলের সম্মিলিত প্রয়াস অপরিহার্য।
- কিছু কিছু শিক্ষকের বিচ্ছিন্ন কিছু ঘটনা ও আচরণগত সমস্যা পরিলক্ষিত হচ্ছে যা সরকারি আচরণবিধির সুস্পষ্ট লংঘন ও প্রতিষ্ঠানের সার্বিক পরিবেশকে ক্ষুন্ন করছে। সাম্প্রতিক বেশ কিছু প্রশিক্ষণ সম্পন্ন হলেও কোনো কোনো কর্মকর্তার আচরণে ইতিবাচক পরিবর্তন লক্ষ্য করা যাচ্ছে না যা খুবই দুঃখজনক। এ বিষয়ে ব্যক্তিগতভাবে কিছু ব্যবস্থা নেয়া হলেও সম্মিলিতভাবে সকলের সচেতন হওয়া আবশ্যিক।

### কতিপয় নির্দেশনা :

এমতাবস্থায় প্রতিষ্ঠানের বর্তমান কার্যক্রমে সকলের অংশগ্রহণ ও জবাবদিহিতা নিশ্চিত করাসহ শিক্ষা মন্ত্রণালয় এবং কারিগরি শিক্ষা অধিদপ্তর এর প্রদত্ত নির্দেশনার আলোকে নিম্নবর্ণিত আদেশসমূহ জারী করা হলো এবং সকলকে কঠোরভাবে অনুসরণ করতে পরামর্শ দেয়া হলো। এক : সকাল ৮:০০ টায় অ্যাসেম্বলি অনুষ্ঠানে অংশগ্রহণের মাধ্যমে উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং বিকাল ৫:০০ টার পর হতে ২য় শিফটের ক্লাস না থাকা স্বাপেক্ষে হাজিরা বহির প্রস্থান ঘরে স্বাক্ষর পূর্বক কর্মস্থল ত্যাগ করতে হবে। কোনো কর্মকর্তাকে দাপ্তরিক কাজে অফিস সময়ে পাওয়া না গেলে তিনি বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করেছেন বলে গণ্য হবেন এবং সার্বক্ষণিক কর্মস্থলে উপস্থিতি সংক্রান্ত বিধি মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।


দুই : শ্রেণিকক্ষে মাল্টিমিডিয়া প্রজেক্টরের ব্যবহার নিশ্চিত করতে হবে। প্রতিজন শিক্ষক কতটি অনুচ্ছেদ মাল্টিমিডিয়া কন্টেন্টে প্রস্তুত করেছেন তা মাসিক চেকার্লস্টে উপস্থাপন করতে ক্লাস মনিটরিং কর্মকর্তাকে অনুরোধ করা হল। সেইসাথে বিষয়ভিত্তিক ইয়ার প্লান তৈরী করে যথাযথভাবে ক্লাস সম্পাদন করা, সময় মোতাবেক ক্লাস টেস্ট, কুইজ ও হাজিরার উন্নতির জন্য শিক্ষার্থীদের প্রতি বিশেষভাবে নজর দেয়ার জন্য সকল শিক্ষককে নির্দেশ প্রদান করা হলো।

তিন : ব্যবহারিক ক্লাসে প্রতিটি জব/পরীক্ষা সঠিকভাবে (স্টুডেন্ট অ্যাকটিভিটি সিট অনুযায়ী) বাস্তবায়ন ও মূল্যায়ন করতে হবে। ট্রেড বিষয়ে শিক্ষকবৃন্দকে Competency Based Training এর সম্ভাব্য বাস্তবায়নে অগ্রসর হতে অনুরোধ জানান হলো।

চার : সরকারি চাকুরী , শৃংখলা ও আচরণবিধি পরিপূর্ণ অনুসরণে সকলকে সতর্ক ও সচেতন হতে পরামর্শ প্রদান করা হলো। সদ্য সমাপ্ত “Capacity Strengthening” প্রশিক্ষণলব্ধ জ্ঞান-দক্ষতা ও আচরণের (Knowledge, Skills and Attitudes) কাঙ্খিত পরিবর্তন সকলের কাছে প্রত্যাশা করা যাচ্ছে।

পাচ : ক্লাস চলাকালীন বিশেষ প্রয়োজন না হলে নৈমিত্তিক ছুটির আবেদন না করতে পরামর্শ দেয়া হলো। অনিবার্য কারণে ছুটির প্রয়োজন হলে ক্লাসের সুস্পষ্ট ও পরিপূর্ণ ব্যবস্থা করে ( ক্লাসের তালিকা প্রণয়ণ ও সুনির্দিষ্ট দায়িত্ব অর্পণ) কর্মস্থল ত্যাগ করতে হবে।

শিক্ষক-কর্মচারীগণকে সামগ্রিকভাবে ও ঐকান্তিক প্রচেষ্টার মাধ্যমে সরকারি লক্ষ্য মাত্রা অর্জনে ভূমিকা পালনে অনুরোধ জানানো হলো।

  
(ড. সৈয়দ আব্দুল আজিজ) ২০/০৪/১৬  
অধ্যক্ষ

পঞ্চগড় টেকনিক্যাল স্কুল ও কলেজ

পঞ্চগড়।